গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০৮০.২০১৪-৭৮৩

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৭
০১ ডিসেম্বর ২০২০

**বিষয়: "গুরুত্বপূর্ণ ৯ (নয়) টি ব্রীজ নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুমোদন সংক্রান্ত।**

সূত্রঃ এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৭৪৬.১৪.০০১.১৫-১৩৩; তারিখ: ০১/১১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "গুরুত্বপূর্ণ ৯ (নয়)টি ব্রীজ নির্মাণ" শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৩০৫.৬১২৫ কোটি (তিনশত পাঁচ কোটি একষট্টি লক্ষ পঁচিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৩/১২/২০১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি মোট ৩১২.১৩৮২ কোটি (তিনশত বার কোটি তের লক্ষ বিরাশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৪/১০/২০১৬ তারিখে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব গত ০৯/০৪/২০১৮ তারিখে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র সম্মতির প্রেক্ষিতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অতঃপর পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র সম্মতির প্রেক্ষিতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ পুনরায় ০১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অক্টোবর ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৯৬% এবং আর্থিক অগ্রগতি ২৮০.৬২ কোটি টাকা (৯০%)।

২। বাস্তবায়ন পর্যায়ে প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলার ২টি ব্রীজের ১২ কিঃমিঃ একসেস সড়কের ভূমি অধিগ্রহণের ক্ষতিপুরণ মূল্য সরকারি বিধি মোতাবেক ১.৫ গুণ হতে ৩.০ গুণ হওয়ায় অতিরিক্ত অর্থের প্রয়োজনীয়তা, আউটসোসিং কর্মচারীদের বেতন-ভাতা বিল এবং নববর্ষ ভাতার কোড মূল ডিপিপিতে সংস্থান না থাকায় প্রকল্পটি সংশোধনের প্রয়োজন। এ বিষয়ে গত ১২/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় প্রকল্পটি সংশোধনের সুপারিশ করা হয়েছে (সংযুক্তি-১)।

৩। এমতাবস্থায়, মোট ৩২৪.১১৭২ কোটি (তিনশত চব্বিশ কোটি এগার লক্ষ বাহাত্তর হাজার) টাকা প্রাক্কলিত (১১.৯৭৯০ কোটি বৃদ্ধি/ব্যয় বৃদ্ধির হার ৩.৮৪%) ব্যয় এবং জানুয়ারি ২০১৫ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে (০৬ মাস মেয়াদ বৃদ্ধি) বাস্তবায়নের নিমিত্ত "গুরুত্বপূর্ণ ৯ (নয়) টি ব্রীজ নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: প্রকল্পের আরডিপিপি ১৫ (পনের) কপি।

০১/১২/২০
(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৮০১২
planning1.lgd@gmail.com

সদস্য
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

**অনুলিপি:**

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পুনর্গঠিত আরডিপিপির একটি Soft copy প্রকল্প পরিচালক, "ডিজিটাল ডাটাবেজ সিস্টেম ও আর্কাইভ প্রতিষ্ঠার মাধ্যমে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্প, পরিকল্পনা বিভাগ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

E:\2019\Document\গুরুত্বপূর্ণ ০৯টি ব্রীজ নির্মাণ প্রকল্প\Letter.doc-1